

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) পরিবীক্ষণ কমিটি'র সভা'র কার্যবিবরণী

সভাপতি	:	মনীন্দ্র কিশোর মজুমদার যুগ্মসচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
স্থান	:	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সভাকক্ষ
তারিখ	:	১১.১১.২০২১ খ্রিষ্টাব্দ
সময়	:	বেলা ১১.০০ টা
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। এ পর্যায়ে সভাপতি কমিটির সদস্য সচিব ও সিনিয়র সহকারী সচিব (অডিট)-কে সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করার জন্য অনুরোধ জানান।

আলোচ্যসূচি-১: সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বিষয়ক প্রশিক্ষণ আয়োজন

২. আলোচনার প্রারম্ভে সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (অডিট) জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ অনুযায়ী সেবা প্রদান সংক্রান্ত দক্ষতা বৃদ্ধি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে ৪টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

২.১ সিদ্ধান্ত: ডিসেম্বর'২০২১ এর মধ্যে ৪টি প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে: উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

আলোচ্যসূচি-২: সেবার মান বৃদ্ধিকরণ

৩. সিনিয়র সহকারী সচিব (অডিট) জানান যে, এ বিভাগ কর্তৃক প্রদত্ত সেবার মান বৃদ্ধি করণের নিমিত্ত অভ্যন্তরীণ ও প্রাতিষ্ঠানিক সেবা প্রদানে নির্ধারিত সময় ও প্রাসঙ্গিক বিষয়সমূহের মানদণ্ড সঠিক রাখার অনুরোধ করতঃ সংশ্লিষ্ট শাখা/অধিশাখা বরাবর পত্র প্রেরণ করা আবশ্যিক।

৩.১ সিদ্ধান্ত: অভ্যন্তরীণ ও প্রাতিষ্ঠানিক সেবা প্রদানে নির্ধারিত সময় ও প্রাসঙ্গিক বিষয়সমূহের মানদণ্ড সঠিক রাখার অনুরোধ করতঃ সংশ্লিষ্ট শাখা/অধিশাখা বরাবর পত্র প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: সিনিয়র সহকারী সচিব (অডিট)

আলোচ্যসূচিতে আর কোন বিষয় অন্তর্ভুক্ত না থাকায় সিদ্ধান্তসমূহের যথাযথ বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

১১.১১.২০২১

মনীন্দ্র কিশোর মজুমদার

যুগ্মসচিব (প্রশাসন)

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

নং-৩৫.০০.০০০০.০৪৯.১৬.০০১.২০-১৯৮

তারিখঃ


২৬ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ

১১ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ:আ: উপসচিব, সুশাসন অধিশাখা]
২. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৫. উপসচিব (টোল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৬. সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৭. সিনিয়র সহকারী সচিব (কার্যক্রম ও এডিপি, অডিট, প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৮. যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯. অফিস কপি।



(মুহাম্মদ আব্দুর রাহিম সুজন)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ০২-২২৩৩৫৫৫২৮

ই-মেইল : dsaudit@rthd.gov.bd